বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

**ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ**

নং-প্রকা/আরএমডি(৩০)/CTR/২০১৮-২০১৯/১০৪৬ তারিখ ঃ ২৬-১১-২০১৮ ইং

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। উপ- মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
০৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেম্বর/১৮ ও ডিসেম্বর/১৮ মাসের সিটিআর দাখিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর পত্র নং বিএফআইইউ(অ্যানালাইসিস)-০১.০১/২০১৮-৩৩১৯ তারিখঃ ২৫/১১/২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে(কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রে বাংলাদেশ ব্যাংক নভেম্বর/১৮ মাসের সিটিআর ডিসেম্বর/১৮ মাসের ৫ তারিখের মধ্যে এবং ডিসেম্বর/১৮ মাসের সিটিআর সাপ্তাহিক ভিত্তিতে পরবর্তী ০৩(তিন)টি কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেছে।

০৩। উক্ত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখার সিটিআর নির্ধারিত তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে নভেম্বর/১৮ মাসের সিটিআর *০২/১২/২০১৮* তারিখের মধ্যে এবং ডিসেম্বর/১৮ মাসের সিটিআর প্রতি সপ্তাহের শেষে পরবর্তী রবিবারের মধ্যে (যেমনঃ ০১ থেকে ০৮ ডিসেম্বর ২০১৮ তারিখে সংঘটিত নগদ লেনদেন *০৯/১২/২০১৮* তারিখের মধ্যে, ০৯ থেকে ১৫ ডিসেম্বর ২০১৮ তারিখে সংঘটিত নগদ লেনদেন *১৬/১২/২০১৮* তারিখের মধ্যে, ১৬ থেকে ২২ ডিসেম্বর ২০১৮ তারিখে সংঘটিত নগদ লেনদেন *২৩/১২/২০১৮* তারিখের মধ্যে, ২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সংঘটিত নগদ লেনদেন *০১/০১/২০১৯* তারিখের মধ্যে) প্রেরন নিশ্চিত করার জন্য বিশেষ ভাবে পরামর্শ দেয়া হলো।

০৪। উল্লেখ্য, *জানুয়ারী ২০১৯ মাস থেকে যথানিয়মে পূর্বের ন্যায় মাসিক ভিত্তিতে সিটিআর দাখিল করতে হবে।*

০৫। *বিষয়টি অতীব জরুরী।*

*আপনার বিশ্বস্ত*

(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/আরএমডি(৩০)/CTR /২০১৮-২০১৯/ ১০৪৬ তারিখঃ ২৬-১১-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৩। সকল মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যলয়,ঢাকা।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহব্যবস্থাপক,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

(রওনক সাদ ফেরদৌসী)
উপ-মহাব্যবস্থাপক

৫০১৩০

# বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১২ তলা, ২য় সংলগ্নী ভবন
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বিএফআইইউ(অ্যানালাইসিস)- ০১.০১/২০১৮- ৩৩১৯ তারিখঃ ২৫/১১/২০১৮

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

দৃষ্টি আকর্ষণঃ প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)।

প্রিয় মহোদয়,

**নভেম্বর ও ডিসেম্বর, ২০১৮ মাসের সিটিআর দাখিল প্রসঙ্গে।**

নভেম্বর, ২০১৮ ও ডিসেম্বর, ২০১৮ মাসের সিটিআর নিম্নোক্ত সময়সীমা অনুযায়ী দাখিল করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

| নগদ লেনদেন সঙ্ঘটনের সময় | সিটিআর দাখিলের সময়সীমা |
|---|---|
| নভেম্বর, ২০১৮ মাসে সঙ্ঘটিত নগদ লেনদেন | ০৫ ডিসেম্বর, ২০১৮ |
| ০১ থেকে ০৮ ডিসেম্বর সময়কালে সঙ্ঘটিত নগদ লেনদেন | পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে |
| ০৯ থেকে ১৫ ডিসেম্বর সময়কালে সঙ্ঘটিত নগদ লেনদেন | |
| ১৬ থেকে ২২ ডিসেম্বর সময়কালে সঙ্ঘটিত নগদ লেনদেন | |
| ২৩ থেকে ৩১ ডিসেম্বর সময়কালে সঙ্ঘটিত নগদ লেনদেন | |

০২। উল্লেখ্য, জানুয়ারি, ২০১৯ মাস থেকে যথানিয়মে পূর্বের ন্যায় মাসিক ভিত্তিতে সিটিআর দাখিল করতে হবে।

ধন্যবাদান্তে,

**এ. কে. এম. রমিজুল ইসলাম**
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ০২- ৫৫৬৬৫০০১- ৬/২০২৭৪